গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
উন্নয়ন শাখা-২
পরিবহন পুল ভবন
সচিবালয় লিংক রোড, ঢাকা।

## মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এর ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব জ্যোতি লাল কুরী, অতিরিক্ত সচিব (প্রশাসন)
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সভার তারিখ : ১৮ জুলাই, ২০১৯

সময় : সকাল ১১.০০ ঘটিকা

স্থান : অতিরিক্ত সচিব (প্রশাসন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় মহোদয়ের অফিস কক্ষ।

উপস্থিতি:

১) জনাব মোসা: ফেরদৌসী বেগম, উপসচিব (বাজেট ও অডিট),মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
২) জনাব তাহমিনা সুলতানা, (উপসচিব) উপপরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।
৩) জনাব জগদীশ চন্দ্র দেবনাথ, উপসচিব (উন্নয়ন ২), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৪) জনাব মো: ইনামুল হক, প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৫) জনাব শহীদুল ইসলাম নিজামী, সহকারী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।
৬) জনাব হাসিনা আখতার খানম, সহকারী পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৭) জনাব মোছা: রাফিকা সুলতানা, সহকারী ম্যানেজার, জয়িতা ফাউন্ডেশন, ঢাকা।
৮) জনাব মনীষা নুসরাত, সহকারী ম্যানেজার, জয়িতা ফাউন্ডেশন, ঢাকা।
৯) জনাব মাছুমা বেগম, মূল্যায়ন কর্মকর্তা,জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।
১০) জনাব শারমিন আখতার, সহকারী ম্যানেজার, জয়িতা ফাউন্ডেশন, ঢাকা।
১১) জনাব মো: নুরুজ্জামান, প্রোগ্রাম অফিসার, বাংলাদেশ শিশু একাডেমি।

সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১.০ অত্র মন্ত্রণালয়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ এর বাস্তবায়ন অগ্রগতির বার্ষিক স্ব-মূল্যায়ন | ১.১ সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপসচিব (উন্নয়ন-২) সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ এর নির্দেশনা অনুসারে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন নির্দেশিকা ২০১৮-২০১৯ এর ২.১৬ অনুচ্ছেদ মোতাবেক মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক উদ্ভাবন পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন আগামী ২০ জুলাই, ২০১৯ এর মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। এ উপলক্ষ্যে আজকের সভা আহবান করা হয়েছে। উদ্ভাবন পরিকল্পনার ১৬টি অনুচ্ছেদ রয়েছে। তিনি প্রতিটি অনুচ্ছেদের ক্ষেত্রে মন্ত্রণালয়ের অগ্রগতি প্রতিবেদন সভাকে অবহিত করেন। এ বিষয়ে সভার সদস্যবৃন্দ বিস্তারিত আলোচনা করেন। পর্যালোচনান্তে সভাপতি মহোদয় জানান যে, ৩০ জুন, ২০১৯ পর্যন্ত কর্মপরিকল্পনা অনুসারে যেসব বিষয় করণীয় ছিল তা যথাযথভাবেই সম্পন্ন করা হয়েছে। এ ক্ষেত্রে বলা যায় জুন পর্যন্ত অগ্রগতি হয়েছে প্রায় ১০০%। কর্মপরিকল্পনার এ অগ্রগতির জন্য তিনি সকল সদস্যকে ধন্যবাদ প্রদান করে জানান যে, কর্মপরিকল্পনার কিছু বিষয় অর্জনের জন্য এখনই উদ্যোগ নিতে হবে। বিশেষ করে উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২ দিন ও ৫ দিনের প্রশিক্ষণ আয়োজন এবং উদ্ভাবন কার্যক্রমের সাথে সম্পৃক্ত কর্মকর্তাগণকে বিদেশে শিক্ষা সফরে প্রেরণের জন্য মন্ত্রণালয়ের প্রশিক্ষণ অধিশাখাকে অনুরোধ করতে হবে। | ১.১.১ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতির বার্ষিক মূল্যায়নে প্রায় ১০০% সফলতা অর্জন করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।<br><br>১.১.২ মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক এ মন্ত্রণালয়ের বার্ষিক উদ্ভাবন পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন নির্ধারিত ছকে আগামী ২০ জুলাই,২০১৯ এর মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।<br><br>১.১.৩ মন্ত্রণালয়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ এর অনুচ্ছেদ ৩.২, ৩.৩ ও ৩.৪ অনুযায়ী |

| বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| | | উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২ দিন ও ৫ দিনের প্রশিক্ষণ আয়োজন এবং উদ্ভাবন কার্যক্রমের সাথে সম্পৃক্ত কর্মকর্তাগণকে বিদেশে শিক্ষা সফরে প্রেরণের জন্য মন্ত্রণালয়ের প্রশিক্ষণ অধিশাখাকে অনুরোধ করতে হবে। |
| ২. বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও উদ্ভাবনী কর্মসূচি ২০১৯-২০২০ এর সোকেসিং সংক্রান্ত আলোচনা | ২. সভাপতি মহোদয় সকল দপ্তর/সংস্থাকে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রেরিত ছক মোতাবেক কর্মপরিকল্পনা প্রস্তুতির জন্য সভায় বিষদ আলোচনা করেন। তিনি ১৬টি বিষয়ে সকল দপ্তর/সংস্থার বাস্তবায়ন অগ্রগতি নিয়েও আলোচনা করেন। তিনি আগামী ২০১৯-২০২০ বার্ষিক উদ্ভাবন কর্মসূচিগুলোর শোকেসিং এর ব্যবস্থা গ্রহন করার জন্য সংশ্লিষ্ট প্রত্যেক দপ্তর/সংস্থাকে অনুরোধ করেন।এ বিষয়ে বিস্তারিত আলোচনা করে সিদ্ধান্ত গ্রহন করা হয়। | ২.১.১ মহিলা বিষয়ক অধিদপ্তর/ জাতীয় মহিলা সংস্থা / জয়িতা ফাউন্ডেশন / বাংলাদেশ শিশু একাডেমি প্রত্যেক দপ্তর-সংস্থাকে উদ্ভাবন কর্মসূচির তালিকা প্রস্তুত করে শোকেসিং এর ব্যবস্থা গ্রহন করতে হবে।<br><br>২.১.২ প্রত্যেক দপ্তর/সংস্থাকে a2i প্রকল্পের কর্মকর্তাদের সাথে যোগাযোগ করে ওরিয়েন্টশন কর্মশালার আয়োজন করতে হবে এবং সেখানে মন্ত্রণালয়ের ইনোভেশন টীমকে আমন্ত্রণ জানাতে হবে। |

৩. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
০১.০৮.১৯
(জ্যোতি লাল কুরী)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ও
চিফ ইনোভেশন অফিসার (প্রতিকল্প)
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

নং-৩২.০০.০০০০.০৫৭.১৪.০২২.১৮-১৭৪ তারিখ:-০৬/০৮/২০১৯খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (দৃ: আ: ইনোভেশন ফোকাল পয়েন্ট)।
২। নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা (দৃ: আ: ইনোভেশন ফোকাল পয়েন্ট)।
৩। ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন, ধানমন্ডি, ঢাকা (দৃ: আ: ইনোভেশন ফোকাল পয়েন্ট)।
৪। পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা (দৃ: আ: মো: নুরুজ্জামান, প্রোগ্রাম অফিসার)।
৫। উপসচিব (বাজেট), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। উপসচিব (শিশু), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। অতিরিক্ত সচিব (প্রশাসন), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(জগদীশ চন্দ্র দেবনাথ)
উপসচিব
☎ ৯৫৭০৬৫৭।
dev2mowca@hotmail.com